# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College under University of Calcutta)**

**M.A./M.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2015**

**SECOND YEAR**

**PHILOSOPHY**

Date : 13/05/2015

Time : 11 am – 3 pm

**Paper :** X (Vedanta)

Full Marks : 100

১। যে কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (৩ × ১৩)

ক) ব্রহ্মসূত্রের ভাষ্য রচনার পূর্বে কেন অধ্যাসভাষ্য রচনা করা হল? তার বিস্তারিত বর্ণনা দাও।

খ) 'অধ্যাসঃ মিথ্যা ইতি ভবিতুং যুক্তম্' — পূর্বপক্ষীদের আপত্তিগুলো ব্যাখ্যা করে বলো, কেন অধ্যাস সম্ভব নয়।

গ) 'স্মৃতিরূপঃ পরত্র পূর্বদৃষ্টাবভাসঃ' — লক্ষণের অন্তর্গত প্রতিটি পদের তাৎপর্য নির্ণয় করে অধ্যাস সম্পর্কিত লক্ষণটি ব্যাখ্যা করো।

ঘ) 'ব্রহ্মণঃ জিজ্ঞাসা ব্রহ্মজিজ্ঞাসা' —এখানে 'ব্রহ্মন্' শব্দের কোন্ অর্থে ষষ্ঠী বিভক্তি করা হয়েছে, তার সবিস্তার আলোচনা করো।

ঙ) 'শাস্ত্রযোনিত্বাৎ' সূত্রে 'যোনি' বলতে কী বোঝানো হয়েছে? শাস্ত্র কীভাবে 'যোনি' হতে পারে — তা ব্যাখ্যা করো।

৩। যে কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ— (৩ × ১৩)

ক) তর্কপাদ বলতে কী বোঝায়? তর্কে প্রবৃত্ত হওয়া বেদান্তীর পক্ষে সমীচীন কি? আলোচনা কর।

খ) 'অচেতনের প্রবৃত্তি' —এই মতটি কার? 'চেতন সংযুক্ত অচেতনের প্রবৃত্তি'—এই মতটি কার? আলোচনা করো। কোন মতটি সমর্থন যোগ্য এবং কেন তা ব্যাখ্যা করো।

গ) প্রকৃতির প্রবৃত্তি কি স্বাভাবিক? 'স্বাভাবিক প্রবৃত্তি যদি স্বীকার করা হয় তাহলেও দোষের হাত থেকে নিস্তার নেই'—বেদান্তীর এই মন্তব্য যুক্তিযুক্ত কি না বিচার কর।

ঘ) 'সমুদায়' শব্দের অর্থ কী? বাহ্য ও আভ্যন্তর সমুদায় ব্যাখ্যা কর। বেদান্তীরা কীভাবে এই সমুদায় পদার্থটি খণ্ডন করেছেন?

ঙ) ''উভয়থাপি ন কর্ম্মাতস্তদভাবঃ'' —এই সূত্রের মর্মার্থ ব্যাখ্যা করো।

# রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

স্নাতকোত্তর দ্বিতীয় বর্ষ, দর্শন

চতুর্থ অর্ধবর্ষ

Date – 13/05/2015 MCQ উত্তরপত্র FM – 22

Time – 11 am – 3 pm

নীচের সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্ন পিছু ১ নম্বর আছে। সঠিক উত্তরের মাথায় ✓ দিতে হবে। চিহ্নটি যেন স্পষ্ট হয়। কোন অস্পষ্টতা থাকলে, সেক্ষেত্রে নম্বর দেওয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার **২৫ মিনিটের** মধ্যে এই অংশটির উত্তর দিয়ে উত্তরপত্রটি পরীক্ষা-পরিদর্শকের হাতে ফিরিয়ে দিতে হবে।

ছাত্রের পরীক্ষার প্রবেশ পত্রে উল্লিখিত রোল নাম্বার ঃ ..........................................................।

ছাত্রের রেজিস্ট্রেশান নাম্বার ঃ ..............................................................।

২। (১ × ১১)

১। ‘যুষ্মদস্মদ্প্রত্যয়গোচরয়োঃ’ —এখানে ‘যুষ্মৎ’ পদের অর্থ —

ক) তুমি খ) তোমরা

গ) চিৎসত্তা ঘ) অনাত্মা জড়পদার্থ

২। ‘পূর্বদৃষ্টাবভাসঃ’ —এখানে ‘দৃষ্ট’ পদের অর্থ —

ক) দেখা হয়েছে খ) দর্শন

গ) বোঝা হয়েছে ঘ) সংস্কার

৩। ‘তং কেচিৎ অন্যত্র অন্যধর্মাধ্যাসঃ ইতি বদন্তি’—এখানে উদ্দিষ্ট ভ্রমসংক্রান্ত মতবাদটি হল —

ক) অখ্যাতিবাদ খ) বিপরীত খ্যাতিবাদ

গ) অন্যথাখ্যাতিবাদ ঘ) অন্যথাখ্যাতিবাদ ও আত্মখ্যাতিবাদ

৪। অদ্বৈতমতে প্রমাতা হলেন —

ক) যথার্থজ্ঞাতা খ) অন্তঃকরণবিশিষ্ট চৈতন্য

গ) অন্তঃকরণ উপহিত চৈতন্য ঘ) কোনটিই নয়

৫। অবিদ্যা হল —

ক) বিদ্যার অভাব খ) প্রত্যগাত্মায় অনাত্মার অধ্যাস

গ) প্রত্যগাত্মায় অনাত্মার এবং অনাত্মায় প্রত্যগাত্মার অধ্যাস ঘ) যাকে জানা যায় না

৬। ‘অথ’ শব্দের অর্থ—

ক) মঙ্গল খ) পূর্বপ্রকৃতাপেক্ষা

গ) সাধনচতুষ্টয় ঘ) ধর্মজিজ্ঞাসার অনন্তর

৭। স্বরূপলক্ষণস্থলে ব্রহ্মস্বরূপের বোধ হয় —

ক) লক্ষণাবৃত্তির দ্বারা খ) শক্তিবৃত্তির দ্বারা

গ) অর্থবৃত্তিদ্বারা ঘ) পদবৃত্তিদ্বারা

৮। ‘সত্যং জ্ঞানম্ অনন্তম্’ এটি ব্রহ্মের—

ক) তটস্থলক্ষণ খ) স্বরূপলক্ষণ

গ) স্বরূপ ও তটস্থ উভয়ই ঘ) কোনোটাই নয়

৯। ‘জন্মাদ্যস্য যতঃ’ সূত্রে ‘যতঃ’ শব্দ তাৎপর্যে নির্দেশ করছে —

ক) ব্রহ্মকে খ) অবিদ্যাকে

গ) জীবকে ঘ) জগৎকে

১০। ‘শাস্ত্রযোনিত্বাৎ’ সূত্রে ‘শাস্ত্র’ বলতে বোঝানো হচ্ছে —

ক) ঋগ্বেদাদি বৈদিক শাস্ত্রকে
খ) স্মৃতিশাস্ত্রাদিকে
গ) পুরাণ-তন্ত্র শাস্ত্রসমূহকে
ঘ) সকল শাস্ত্রকে

১১। ‘তত্তু সমন্বয়াৎ’ সূত্রে ‘তৎ’ শব্দটি নির্দেশ করছে —

ক) অবিদ্যাকে
খ) আত্মাকে
গ) জীবকে
ঘ) ব্রহ্মকে

৪। (১ × ১১)

১। পরপক্ষপ্রত্যাখ্যানের চেয়ে স্বপক্ষস্থান শ্রেয় বলে মনে করেন —

ক) সাংখ্য
খ) অদ্বৈতবেদান্ত
গ) বৈশেষিক
ঘ) বৌদ্ধ

২। ব্রহ্মসূত্র কার রচনা? —

ক) বাদরায়ণ
খ) গৌড়পাদ
গ) শংকর
ঘ) রামানুজ

৩। বেদান্ত শব্দের অর্থ কি? —

ক) উপনিষদ্
খ) শারীরক সূত্র
গ) গীতা
ঘ) সব কটি

৪। পরমাণু সংযোগ অবাস্তব। কেননা —

ক) পরমাণু দেখা যায় না
খ) সংযোগ অংশে অংশে হয়
গ) সংযোগ সর্বাংশে হয়
ঘ) কোনটিই নয়

৫। প্রবৃত্তি বেদান্ত মতে কার? —

ক) চেতনের
খ) অচেতনের
গ) চেতনসংযুক্ত অচেতনের
ঘ) কোনটিই নয়

৬। পয়ঃ ও অম্বুর দৃষ্টান্তে সাংখ্যমতে কী বোঝানো হয়েছে? —

ক) অচেতনের প্রবৃত্তি
খ) চেতনের প্রবৃত্তি
গ) চেতনসংযুক্ত অচেতনের প্রবৃত্তি
ঘ) অচেতন সংযুক্ত চেতনের প্রবৃত্তি

৭। চেতন ব্রহ্ম থেকে অচেতন জগতের উৎপত্তি স্বীকার্য হতে পারে না। বলেছেন —

ক) বেদান্তী
খ) সাংখ্য
গ) বৈশেষিক
ঘ) বৌদ্ধ

৮। জগতের উপাদান ও নিমিত্ত কারণ অভিন্ন। বলেছেন —

ক) বেদান্তী
খ) সাংখ্য
গ) বৌদ্ধ
ঘ) কেউ নয়

৯। ‘অযুতসিদ্ধ’ কথাটির অর্থ বেদান্ত মতে —

ক) একই দেশে থাকা
খ) একই কালে থাকা
গ) একই স্বভাববিশিষ্ট হওয়া
ঘ) কোনটিই নয়

১০। পরমাণুগুলি বেদান্তমতে —

ক) প্রবৃত্তি স্বভাব সম্পন্ন
খ) নিবৃত্তি স্বভাব সম্পন্ন
গ) উভয়ই
ঘ) কোনটাই নয়

১১। তপ্য ও তাপকের বিজাতীয়তা স্বীকার করেন না —

ক) সাংখ্য
খ) বেদান্ত
গ) বৈশেষিক
ঘ) বৌদ্ধ